রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৯, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ বৈশাখ ১৪৩৩/ ০৫ মে ২০২৬

নং **১০.০০.০০০০.১২৮.১৫.০০২.২৬-২৩৭**—বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত ক্যাডার পদসমূহ রাজস্বখাতে স্থায়ীভাবে সৃজনে সরকারের মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করছি :

| ক্রমিক | পদ নাম | বেতন স্কেল (বা.জু.সা.বে.স্কে. ২০১৬ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১। | **চীফ লিগ্যাল এইড অফিসার** (যুগ্ম জেলা ও দায়রা জজ) জেলা লিগ্যাল এইড অফিস | টা. ৫৪৩৭০—৭৪৪৬০ (গ্রেড-৩) | ৭২ (বাহাত্তর)টি | ৬৪ জেলার প্রত্যেকটিতে ০১টি করে মোট ৬৪টি |
| | | | | ঢাকা, গাজীপুর, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল মহানগরে ০১টি করে মোট ৮টি |
| ০২। | **লিগ্যাল এইড অফিসার** (যুগ্ম জেলা ও দায়রা জজ) সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস | টা. ৫৪৩৭০—৭৪৪৬০ (গ্রেড-৩) | ০২ (দুই)টি | বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের প্রত্যেকটিতে ০১ টি করে মোট ০২টি |


**মূল্য :** টাকা ৪·০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ০৩। | **লিগ্যাল এইড অফিসার** (সিনিয়র সিভিল জজ) মহানগর লিগ্যাল এইড অফিস | টা. ৪৪৪৫০—৭২২১০ (গ্রেড-৪) | ০৮ (আট)টি | ঢাকা, গাজীপুর, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল মহানগরের প্রত্যেকটিতে ০১টি করে মোট ৮টি |

০২। এতদ্বারা, পূর্বে সৃজিত 'সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার (অতিরিক্ত জেলা ও দায়রা জজ)' পদের নাম পরিবর্তনপূর্বক বেতনস্কেল অপরিবর্তিত রেখে 'চীফ লিগ্যাল এইড অফিসার (অতিরিক্ত জেলা ও দায়রা জজ), সুপ্রীম কোর্ট' করা হলো।

০৩। এ পদের ব্যয়ভার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের আওতাধীন বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর-এর অনুকূলে বরাদ্দকৃত বাজেটের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে।

০৪। বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস গঠন বিধিমালা, ২০২৫ এর বিধি-৫ অনুযায়ী গঠিত বিচারিক পদ সৃজন কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে বর্ণিত পদসমূহ সৃজনে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদন গ্রহণসহ অন্য সকল আনুষ্ঠানিকতা প্রতিপালন করা হয়েছে।

**মুহাম্মদ আশেকুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd